



## মব সৃষ্টি করে মুক্তিযোদ্ধাদের অপমান সহ্য করবে না সেনাসদর



সংগৃহীত ছবি

সেনাসদর জানিয়েছে, মুক্তিযোদ্ধাদের অপমানের জন্য কোনো মব সহিংসতা সৃষ্টি করা হলে সেনাবাহিনী কঠোর পদক্ষেপ নেবে। সেনাবাহিনী ডাকসু নির্বাচনে সম্পৃক্ত নয় এবং গণতন্ত্রের পথে সুষ্ঠু নির্বাচন প্রত্যাশা করে। এছাড়া বিদেশ থেকে সেনাবাহিনী নিয়ে গুজব ছড়ালে সরকার ব্যবস্থা নেবে বলে জানানো হয়।

আজ সোমবার (৮ সেপ্টেম্বর) দুপুরে সেনাবাহিনীর এক সংবাদ সম্মেলনে জানানো হয়, কোনো মব সৃষ্টি করে মুক্তিযোদ্ধাদের অসম্মান করা যাবে না। মব সহিংসতা দমনে সেনাবাহিনী দৃঢ়ভাবে কাজ করছে এবং ভবিষ্যতে কেউ এমন চেষ্টা করলে কঠোর পদক্ষেপ নেওয়া হবে। সম্প্রতি টাঙ্গাইলে বঙ্গবীর কাদের সিদ্দিকীর বাসায় হামলার প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এই বার্তা দেওয়া হয়।

এ সময় সেনাসদর আরও জানায়, আসন্ন ডাকসু নির্বাচনের সঙ্গে সেনাবাহিনীর কোনো সম্পৃক্ততা নেই। কিছু স্বার্থাশেষী মহল সেনাবাহিনীকে জড়িয়ে বিভ্রান্তিকর প্রোপাগান্ডা চালাচ্ছে। সেনাবাহিনী চায়, নির্বাচন হোক সুন্দর ও সুষ্ঠু, যাতে দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রা সুগম হয়।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন প্রসঙ্গে জানানো হয়, সেনাবাহিনী নির্বাচন কমিশন ও সরকারের নির্দেশে দায়িত্ব পালন করবে। তবে এ বিষয়ে এখনও আনুষ্ঠানিক কোনো নির্দেশনা পাওয়া যায়নি।

এছাড়া সামাজিক যোগাযোগ মাধ্যমে সেনাবাহিনীকে নিয়ে মিথ্যাচারের বিষয়ে সতর্ক করা হয়। সেনাসদরের মতে, দেশের বাইরে থেকে বিভ্রান্তিকর গুজব ছড়ালে সরকার ব্যবস্থা নেবে এবং জনগণও এর জবাব দেবে। একইসাথে আওয়ামী লীগের ঝটিকা মিছিল সম্পর্কেও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বিষয়টি খতিয়ে দেখছে বলে জানানো হয়।